25

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 31 1999 ...
পৃষ্ঠা 12 কলাম 5 .....

# ভিসি ও রেজিস্ট্রারের প্রতি লিগ্যাল নোটিশ
# কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টার পদত্যাগ

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা (৩০ জুলাই) ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর আহমদ উল্লাহ সরকার আকস্মিকভাবে পদত্যাগ করেছেন। পদত্যাগপত্রে 'ব্যক্তিগত' ও 'সমষ্টিগত' কারণ উল্লেখ করলেও ভিসি'র সাথে মতদ্বৈধতাই মূল কারণ বলে জানা গেছে।

গত বৃহস্পতিবার 'বাকসু' আয়োজিত সাংস্কৃতিক উৎসবের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছাত্র বিষয়ক উপদেষ্টা ছিলেন বিশেষ অতিথি। শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে এ অনুষ্ঠানে ভিসি প্রফেসর মুহাম্মদ হোসেন ছিলেন প্রধান অতিথি। সব কিছু ঠিকমত হলেও শেষ দিকে সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালে ভিসিকে মিলনায়তনে রেখে ছাত্র বিষয়ক উপদেষ্টা ও মেয়াদোত্তীর্ণ প্রক্টর ডঃ আঃ আউয়াল চলে আসেন। ফলে পদত্যাগ ও মতদ্বৈতধতার কথা সর্বত্র ছড়িয়ে পড়ে। ছাত্র বিষয়ক উপদেষ্টা দু'বছরের জন্য নিয়োগ প্রাপ্ত হয়েছিলেন। ১৩ মাসের মাথায় তার এই পদত্যাগ চাঞ্চল্যের সৃষ্টি করেছে।

## লিগ্যাল নোটিশ

পদোন্নতির সকল শর্ত পুরণ করার পরও পদোন্নতি না দেয়ায় কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি ও রেজিস্ট্রারকে লিগ্যাল নোটিশ দেয়া হয়েছে। পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক পরেশ চন্দ্রের উকিল এ নোটিশ প্রদান করেছেন।

নোটিশে উল্লেখ্য করা হয় যে, পদোন্নতির ব্যবস্থা না নিলে আইনগত ব্যবস্থা নেয়া হবে এবং সেক্ষেত্রে আর্থিক ক্ষতিপূরণদানে কর্তৃপক্ষ বাধ্য থাকবেন।